



পিএ বিএক্স নং- ৮০৪২১২, ৮১০০০৭-৯  
ফ্যাক্স নং- ৮৮০-২-৮৩১৯৮৮

মহাপরিচালক  
জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যরো  
৮৯/২, কাকরাইল  
ঢাকা-১০০০, বাংলাদেশ।  
ফোনঃ অফিসঃ ৯৩৪৯৯২৫  
বাসাঃ ৮৬০৬০৫

তি. ও. নং- ৪৯.০৯.০৫০.০৫০.০৫০.৮৮.০০৯.১৪.০৪(১৪), -৬৯-০৯৩। ২৩।

প্রিয় জেলা প্রশাসক,  
আমার আন্তরিক শুভেচ্ছা গ্রহণ করবেন। আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, বর্তমান সরকারের সফল শ্রম কুটনৈতিক উদ্যোগে সম্প্রতি সৌন্দি শ্রম বাজার বাংলাদেশী কর্মীগনের জন্য উন্নত করা হয়েছে। প্রথম পর্যায়ে সৌন্দি সরকার প্রতি মাসে ১০ হাজার মহিলা কর্মী নিয়োগের ইচ্ছা ব্যক্ত করেছে। এরই ধারাবাহিকতায় ০৫/০৩/২০১৫ খ্রিঃ তারিখ হতে ২৮/০৩/২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত সৌন্দি আরবসহ অন্যান্য দেশে গমনেচ্ছু মহিলা কর্মীদের জন্য দেশব্যাপী সরকারী ডাটাবেজে বিশেষ রেজিস্ট্রেশনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। নিম্নে রেজিস্ট্রেশনের বিভাগওয়ারী সময়সূচী উল্লেখ করা হল ৪ (চুটির দিনসহ প্রতিদিন সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত)

| ক্রমিক নং | বিভাগের নাম       | শুরুর তারিখ | শেষ হওয়ার তারিখ |
|-----------|-------------------|-------------|------------------|
| ১.        | ঢাকা              | ০৫/০৩/২০১৫  | ১১/০৩/২০১৫       |
| ২.        | রাজশাহী ও রংপুর   | ১২/০৩/২০১৫  | ১৬/০৩/২০১৫       |
| ৩.        | চট্টগ্রাম ও সিলেট | ১৭/০৩/২০১৫  | ২৩/০৩/২০১৫       |
| ৪.        | খুলনা ও বরিশাল    | ২৪/০৩/২০১৫  | ২৮/০৩/২০১৫       |

বিদেশ গমনেচ্ছু মহিলা কর্মীদের অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টার, পৌরসভা ডিজিটাল সেন্টার, নগর ডিজিটাল সেন্টার এবং ৪২টি জেলায় অবস্থিত জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও) সমূহ হতে সংযুক্ত সূচী অনুযায়ী একযোগে সম্প্রতি করা হবে। উক্ত রেজিস্ট্রেশন কার্যক্রমকে সর্বোত্তমভাবে সফল করার লক্ষ্যে জনগণকে অবহিত করার নিমিত্তে নিম্নোক্ত শর্তাবলী সম্বলিত ব্যানার প্রস্তুত পূর্বক ডিজিটাল সেন্টার সমূহের চতুরে প্রকাশ্য স্থানে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। এ উদ্দেশ্যে আপনার জেলার অস্তর্গত সকল পৌরসভার মেয়ার ও ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যানগণকে উদ্বৃদ্ধ করণ এবং পৌরসভা সমূহে জেলা তথ্য অফিস ও ইউনিয়ন পর্যায়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের ব্যবস্থাপনায় মাইক যোগে অত্র বিষয়ে ব্যাপক প্রচারণার বিষয়টি নিশ্চিত করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হল। প্রচারণার খাতে প্রতিটি ইউনিয়নের জন্য ১০০০ (এক হাজার) টাকা ব্যয় বরাদ্দ আপনার বরাবরে পরবর্তীতে প্রেরণ করা হবে।

#### সৌন্দি আরবে মহিলা গৃহকর্মী পদে নিয়োগের শর্তাবলী :

- মহিলা কর্মীকে শুধু নিজ খরচে এম আর পি পাসপোর্ট এবং দেশের অভ্যন্তরে যাতায়াতের খরচ বহন করতে হবে।
- নির্বাচিত মহিলা কর্মীর মেডিক্যাল ফি, ভিসা প্রসেসিং ফি, বিমান ভাড়াসহ কর্মস্থলে থাকা, খাওয়া, চিকিৎসা খরচ, ইন্সুলিন প্রিমিয়াম ফি নিয়োগকর্তা বহন করবে।
- হাউজকিপারদের মাসিক বেতন হবে বাংলাদেশী টাকায় প্রায় ১৭,০০০ (সতের হাজার) টাকা।
- ০২ (দুই) বছরের জন্য চুক্তি হবে- পরবর্তীতে নিয়োগকর্তা রাজী থাকলে যে কোন মেয়াদের জন্য চুক্তি নবায়নের সুযোগ থাকবে।
- সরকারী ব্যবস্থাপনায় বিনা খরচে চাকুরী নিয়ে যারা প্রকৃত পক্ষেই সৌন্দি আরবে হাউজকিপার পেশায় কাজ করতে ইচ্ছুক তাদেরকেই বর্তমানে রেজিস্ট্রেশন করার জন্য অনুরোধ করা হল।
- কোন মহিলা কর্মী ০২ (দুই) বছরের পূর্বে চুক্তি ভঙ্গ করে দেশে ফিরে আসলে তাকে প্রশিক্ষণ ব্যয়, ভিসা প্রসেসিং ফি, সৌন্দি আরবে যাওয়া আসার খরচ বাবদ প্রায় ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ফেরত দিতে হবে এবং বিদেশে চাকুরী নিয়ে যাওয়ার পূর্বে মহিলা কর্মীর অভিভাবকের নিকট থেকে এ বিষয়ে অঙ্গীকার নামা গ্রহণ করা হবে।
- মহিলা কর্মী যেহেতু সরকারী ডাটাবেজ তৈরীর মাধ্যমে “মর্যাদার সাথে কর্মী অভিবাসন” এর অভিষ্ঠ লক্ষ্য অর্জনের মহত্ব উদ্যোগে জেলা পর্যায়ে সক্রিয় নেতৃত্ব দেয়ার জন্য আপনাকে বিশেষ ভাবে অনুরোধ জানাচ্ছি।
- সৌন্দি আরবে অবস্থানকালে কর্মীদের নিরাপত্তা ও সুরক্ষা সরকারীভাবে সার্বক্ষণিক মনিটরিং করা হবে।

এমতাবস্থায়, বিদেশ গমনেচ্ছু মহিলা কর্মীদের আসন্ন দেশব্যাপী রেজিস্ট্রেশন কার্যক্রমকে সর্বতোভাবে সফল করে বহুযুগী ব্যবহার উপযোগী একটি জাতীয় ডাটাবেজ তৈরীর মাধ্যমে “মর্যাদার সাথে কর্মী অভিবাসন” এর অভিষ্ঠ লক্ষ্য অর্জনের মহত্ব উদ্যোগে জেলা পর্যায়ে সক্রিয় নেতৃত্ব দেয়ার জন্য আপনাকে বিশেষ ভাবে অনুরোধ জানাচ্ছি।

প্রাপক

জেলা প্রশাসক (সকল)

(বেগম শামসুন্নাহর নাহার)

মহা-পরিচালক (অতিরিক্ত সচিব)  
ফোনঃ ৯৩৪৯৯২৫, ফ্যাক্সঃ ৮৩১৯৯৮৮  
shamsunnahar85@gmail.com